গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
ইনোভেশন টিম

জিএসবির ২০২২-২০২৩ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | সালমা আক্তার<br>পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, ইনোভেশন টিম |
| সভার তারিখ | ০৩ অক্টোবর, ২০২২ |
| সভার সময় | বেলা ১২:০০ ঘটিকা |
| স্থান | ভূতত্ত্ব ভবনের পঞ্চম তলার সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সংযুক্ত |

আলোচ্য বিষয়

১। ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা এবং সেবা সমূহ চালু রাখা।

২। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেন্জ মোকাবিলায় আইন/ পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয় ভিত্তিক কর্মশালা আয়োজন।

৩। দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত।

৪। বিবিধ।

আলোচনা

সভার সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সদস্য সচিব জনাব মোঃ আহসান হাবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার আলোচ্য বিষয় উপস্থাপন করেন।

০১। সভায় উল্লেখ করা হয় যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ এর কার্যক্রম ১.২ এ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা এবং সেবা সমূহ চালু রাখা এর ব্যাপারে নির্দেশনা রয়েছে। সদস্য সচিব জনাব মোঃ আহসান হাবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) জানান যে ইতঃপূর্বে বাস্তবায়িত আইডিয়াগুলোর আইডিয়া প্রদানকারী বরাবর নির্দিষ্ট ছক সংযুক্ত করে তথ্য এবং সেবা সমূহ চালু কিনা সে বিষয়ক প্রত্যয়ন নেয়ার ব্যাপারে সার্কুলার দেয়া হয়েছে কিন্তু এখন পর্যন্ত সকল তথ্য পাওয়া যায় নি। সভাপতি এ বিষয়ে বিকল্প ফোকাল পয়েন্ট জনাব মোঃ মহি উদ্দিন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও সদস্য সচিব জনাব মোঃ আহসান হাবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) কে আইডিয়া প্রদানকারীর সাথে আবারও যোগাযোগের প্রেক্ষিতে তথ্য নিয়ে ডাটাবেজ প্রস্তুতের কাজ সম্পন্ন করার নির্দেশনা দেন।

০২। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ এর কার্যক্রম ১.৪ এ ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেন্জ মোকাবিলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন বিষয়ে জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) এবং জনাব মোঃ রিয়াজুল ইসলাম, পরিচালক (রসায়ন) এ মাসের তৃতীয় সপ্তাহে শাখা প্রধানদের নিয়ে একটি কর্মশালা আয়োজনের মাধ্যমে কর্মপরিকল্পনা প্রণয়ন করার ব্যাপারে মতামত দেন।

০৩। ই-গভর্ন্যান্স ও উদ্ধাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম ২.২.৫ এ দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ অক্টোবরের শেষ সপ্তাহে পরিদর্শনের জন্য জনাব মোঃ রিয়াজুল ইসলাম, পরিচালক (রসায়ন) এবং জনাব মোহাম্মদ জহির উদ্দিন উপ-পরিচালক (ভূপদার্থ) জানান যে একটি পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে এবং সে মোতাবেক জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) বিভিন্ন সংস্থার সাথে যোগাযোগ করেছেন। ফোকাল পয়েন্ট জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) জানান যে, বিভিন্ন সংস্থার সাথে যোগাযোগের


প্রেক্ষিতে ম্যানেজমেন্ট এন্ড ট্রেনিং ইন্টারন্যাশনাল (এমটিআই), টরন্টো ট্রেনিং ইন্টারন্যাশনাল (টিটিআই) এবং সিয়াম হেলথ কেয়ার কোম্পানি লিমিটেড তাদের শিডিউল পেশ করেছে এবং তিনি শিডিউল সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত পর্যালোচনা শেষে জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) জানান যে ম্যানেজমেন্ট এন্ড ট্রেনিং ইন্টারন্যাশনাল (এমটিআই) এর প্রস্তাবনা সর্বনিম্ন দরদাতা ও জিএসবি এর সাথে কাজের পূর্ব অভিজ্ঞতার আলোকে গ্রহণযোগ্য মনে হয় । সভায় সবাই তার সাথে একমত হন এবং এ ব্যাপারে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের জন্য সুপারিশের ব্যাপারে একমত হন।

সিদ্ধান্ত

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং. | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুত করা এবং সেবা সমূহ চালু রাখা। | জনাব মোঃ মহি উদ্দিন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও জনাব মোঃ আহসান হাবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) আইডিয়া প্রদানকারীর সাথে আবারও যোগাযোগের প্রেক্ষিতে তথ্য নিয়ে ডাটাবেজ প্রস্তুতের কাজ সম্পন্ন করবেন। |
| ২। | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেন্জ মোকাবিলায় আইন/ পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয় ভিত্তিক কর্মশালা আয়োজন। | এ মাসের তৃতীয় সপ্তাহে শাখা প্রধানদের নিয়ে একটি কর্মশালা আয়োজনের মাধ্যমে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হবে। |
| ৩। | দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত। | অক্টোবরের শেষ সপ্তাহে পরিদর্শন এবং ম্যানেজমেন্ট এন্ড ট্রেনিং ইন্টারন্যাশনাল (এমটিআই) এর প্রস্তাবনা মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের জন্য সুপারিশ করা হবে। |

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



সালমা আক্তার

পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি, ইনোভেশন টিম

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬৩.১৯.৪৯

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৯

১২ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (ভূতত্ত্ব) , পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

২) পরিচালক (ভূতত্ত্ব), পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৩) পরিচালক (রসায়ন) , বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৪) উপ-পরিচালক (ভূতত্ত্ব) -৩, অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৫) উপ-পরিচালক (ভূপদার্থ)-২ , অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৬) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৪, ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৭) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২ , পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দুর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৮) অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

Habib

মো: আহসান হাবিব
সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও সদস্য সচিব,
ইনোভেশন টিম